

## **া** নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১০৩) আখেরাতের প্রতি ঈমান আনয়নের অর্থ কি? কি কি বিষয়ে আখেরাতের প্রতি ঈমান আনয়নের অন্তর্ভূক্ত হবে?

উত্তরঃ আখেরাতের প্রতি ঈমান আন্য়নের অর্থ হচ্ছে, সেই দিনের আগমণের উপর দৃঢ় বিশ্বাস স্থাপন করা এবং সে বিশ্বাস অনুযায়ী আমল করা। আখেরাতের প্রতি ঈমান আন্য়নের মধ্যে নিম্নবর্ণিত বিষয়গুলাও অন্তর্ভূক্ত হবে। যেমন কিয়ামতের পূর্বে যে সমস্ত আলামত প্রকাশিত হবে, তার প্রতি বিশ্বাস, মৃত্যু ও মৃত্যুর পর কবরের ফিতনা, কবরের আযাব ও কবরের নিয়ামতের প্রতি বিশ্বাস, শিঙ্গায় ফুঁ দেয়া, কবর থেকে মানুষের পুনরুখান, কিয়ামতের মাঠের ভয়ানক ও ভীতিকর পরিস্থিতি, হাশরের মাঠের বিভিন্ন অবস্থা যেমন আমলনামা প্রদান, দাড়িপাল্লা স্থাপন, পুলসিরাতের উপর দিয়ে সকলের পার হওয়া, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামএর হাওয়ে কাউছার, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামএর হাওয়ে কাউছার, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামএর শাফাআতে কুবরা, জান্নাত ও তার নেয়ামত, যার সর্বোচ্চ নেয়ামত হচ্ছে আল্লাহ্ তা'আলার দীদার এবং জাহান্নাম ও তার আযাব, যার সবচেয়ে কঠিন আযাব হচ্ছে আল্লাহর দীদার হতে মাহরুম হওয়া, ইত্যাদির প্রতি বিশ্বাস স্থাপন করা।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11917

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন